

বসন্ত ঝুঁতে

শীতের কঠোরতা এখন আর নেই
আসন্ন বসন্তের তোড়জোড় চলছে-
এখানে ওখানে ছোট ছোট সুখ
বর্ষার আগাছার মতো হেলায় জন্ম নিচ্ছে !

বড় বড় মাছের খোঁজে
মৎসভোজীর অগুণি প্রকাশ
স্বল্প জলে মৎসের অভাব নাই
শুধু কৌশলে জালে তোলার অবকাশ ।

এমন সময়ে তথাপি সবাকার
দিনগুলো একতালে চলে না
বসন্তের সুখের প্রাচুর্য
অভাগার ভাগ্যে প্রায়শ জোটে না ।

বরং বসন্তের বিভীষিকা
ভীড় করে ছোট ছোট ঘরে
অনাদর আর উপেক্ষায়
সংক্রামিত হয় দোর থেকে দোরে ।

ভাগ্যবানদের প্রাচুর্যে কখনো ঘাটতি হয় না
প্রারদ্ধ-ফলে এমনই ভাগ্য এঁদের
বেশীর ভাগই অবশ্য জনতা, প্রারদ্ধের অক্ষে ভার থাকে না
এরা না পাওয়া হাস্তের দলের ।

সমাজে তাই কিছু সংখ্যক ধনিক বিন্দুবান, অধিক বিশিষ্ট
দু'দলে মিলেই তথাপি এ পৃথিবী প্রাণবন্ত
যেমন প্রকৃতিতে সম্পূরিত
গ্রীষ্ম, বর্ষা, শরত, হেমন্ত, শীত ও বসন্ত।